প্রটোকল কর্মকর্তা

পৃষ্ঠা-১০

নীতির প্রশ্নে আপোসহীন

দৈনিক জনকণ্ঠ

প্রতিষ্ঠাতা মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ

The Daily Janakantha

২ জমাদিউস সানি ১৪৪৩ হিজরী ৬ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ বর্ষ ২৯ সংখ্যা ৩০৮ পৃষ্ঠা ১৬ ॥ মূল্য ১০ টাকা www.dailyjanakantha.com

# বারিতে ব্রেইন স্টর্মিং কর্মশালা

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে (বারি) ডাল জাতীয় ফসলের গবেষণা, উন্নয়ন এবং সম্প্রসারণের লক্ষ্যে ব্রেইন স্টর্মিং কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকারের সভাপতিত্বে গাজীপুরে বারির সেমিনার কক্ষে অনুষ্ঠিত এ কর্মশালায় প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের (বিএআরসি) নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার। বুধবার বারি'র জনসংযোগ কর্মকর্তা মোঃ আল আমিন এ তথ্য জানিয়েছেন।

কর্মশালায় বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. মোঃ কামরুল হাসান, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. রীনা রানী সাহা, পরিচালক (গবেষণা) ড. মোঃ তারিকুল ইসলাম, পরিচালক (ডাল গবেষণা কেন্দ্র) ড. মোঃ মহি উদ্দিন, কৃষি সম্প্রসারণ অধিদফতরের বরিশাল অঞ্চলের অতিরিক্ত পরিচালক মোঃ তৌফিকুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বারির মহাপরিচালক ড. দেবাশীষ সরকার গবেষণার মাধ্যমে এই অঞ্চলের জন্য চাষযোগ্য বিশেষত লবণাক্ততা ও জলাবদ্ধতা সহনশীল ডাল জাতীয় ফসলের জাত উন্নয়নের মাধ্যমে উৎপাদন বাড়ানোর ওপর গুরুত্ব প্রদানের আহ্বান জানান।

ভোরের কাগজ ঢাকা ■ বৃহস্পতিবার ■ ৬ জানুয়ারি ২০২২

পৃষ্ঠা-৬




বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)-এর আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র, মাদারীপুর-এর আয়োজনে গত মঙ্গলবার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট-এ ডাল জাতীয় ফসল এর গবেষণা, উন্নয়ন এবং সম্প্রসারণের লক্ষ্যে ব্রেইন স্ট্রমিং কর্মশালা ইনস্টিটিউটের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এর নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার। এ সময় মঞ্চে উপবিষ্ট ছিলেন (বাম থেকে) বারির পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, বারির মহাপরিচালক ড. দেবাশীষ সরকার, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. রীনা রানী সাহা, পরিচালক (ডাল গবেষণা কেন্দ্র) ড. মো. মহি উদ্দিন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর বরিশাল অঞ্চলের অতিরিক্ত পরিচালক মো. তৌফিকুল ইসলাম। বিজ্ঞপ্তি

বৃহস্পতিবার ঢাকা ৬ জানুয়ারি ২০২২, ২২ পৌষ ১৪২৮ বর্ষ ২২ সংখ্যা ৬ পৃষ্ঠা ১২ মূল্য ৫ টাকা

জনগণের মুখপত্র

ভোরের দর্পণ

পৃষ্ঠা-৪




# বারিতে ডাল জাতীয় ফসলের গবেষণা উন্নয়ন এবং সম্প্রসারণে কর্মশালা

**গাজীপুর প্রতিনিধি:** বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)-এর আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র মাদারীপুর-এর আয়োজনে মঙ্গলবার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট-এ ডাল জাতীয় ফসলের গবেষণা, উন্নয়ন এবং সম্প্রসারণের লক্ষ্যে ব্রেইন স্ট্রমিং কর্মশালা ইনস্টিটিউটের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র মাদারীপুরের সক্ষমতা বৃদ্ধি ও বৃহত্তর বরিশাল এবং ফরিদপুর অঞ্চলে ডাল ফসলের গবেষণা উন্নয়ন উৎপাদন বৃদ্ধি শীর্ষক প্রকল্পের অর্থায়নে আয়োজিত এ কর্মশালায় বারির বিজ্ঞানি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং বিএডিসির কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

বারির মহাপরিচালক ড. দেবাশীষ সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এর নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার। কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারির পরিচালক (সেবা ও সরবরাহ) ড. মো. কামরুল হাসান, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. রীনা রানী সাহা, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (ডাল গবেষণা কেন্দ্র) ড. মো. মহি উদ্দিন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর বরিশাল অঞ্চলের অতিরিক্ত পরিচালক জনাব মো. তৌফিকুল ইসলাম। প্রকল্পের সার্বিক কার্যক্রম উপস্থাপনা করেন আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র, মাদারীপুর এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্প পরিচালক ড. মো. ছালেহ উদ্দিন।

বাংলাদেশের আলো
বৃহস্পতিবার ৬ জানুয়ারি ২০২২

পৃষ্ঠা-৫

## বারি'তে ডাল জাতীয় ফসলের গবেষণা

# উন্নয়ন এবং সম্প্রসারণের লক্ষ্যে ব্রেইন স্ট্রমিং কর্মশালা

মো. মনির হোসেন, গাজীপুর

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)-এর আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র, মাদারীপুরের আয়োজনে গত মঙ্গলবার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে ডাল জাতীয় ফসলের গবেষণা, উন্নয়ন এবং সম্প্রসারণের লক্ষ্যে ব্রেইন স্ট্রমিং কর্মশালা ইনস্টিটিউটের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র মাদারীপুরের সক্ষমতা বৃদ্ধি ও বৃহত্তর বরিশাল এবং ফরিদপুর অঞ্চলে ডাল ফসলের গবেষণা উন্নয়ন উৎপাদন বৃদ্ধি শীর্ষক প্রকল্পের অর্থায়নে আয়োজিত এ কর্মশালায় বারি'র বিজ্ঞানী, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং বিএডিসি'র কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এর নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার। কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. মো. কামরুল হাসান, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. রীনা রানী সাহা, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (ডাল গবেষণা কেন্দ্র) ড.মো. মহি উদ্দিন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বরিশাল অঞ্চলের অতিরিক্ত পরিচালক মো. তৌফিকুল ইসলাম। প্রকল্পের সার্বিক কার্যক্রম উপস্থাপনা করেন আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র, মাদারীপুরের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্প পরিচালক ড. মো. ছালেহ উদ্দিন। ডাল জাতীয় ফসল অতি পুষ্টিসমৃদ্ধ, খুব সহজে চাষযোগ্য। ব্রেইন স্ট্রমিং কর্মশালার মাধ্যমে বৃহত্তর বরিশাল এবং ফরিদপুর অঞ্চলে ডাল ফসলের উৎপাদন বাড়াতে এর সমস্যা সমূহ চিহ্নিত করা এবং গবেষণার মাধ্যমে সমাধান করে কৃষক পর্যায়ে এর ফলাফল পৌঁছে দেওয়ার জন্যে কর্ম পরিকল্পনা নির্ধারণ করা হয়। বারি'র বিজ্ঞানী, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং বিএডিসি'র কর্মকর্তাবৃন্দের তিনটি গ্রুপে বৃহত্তর বরিশাল এবং ফরিদপুর অঞ্চলে ডাল ফসলের সমস্যা ও সমাধানের বিষয় নিয়ে গ্রুপভিত্তিক



ব্রেইন স্ট্রমিং সেশন এবং এর ওপর উপস্থাপনা করা হয়। ব্রেইন স্ট্রমিং সেশনের মাধ্যমে বরিশাল এবং ফরিদপুর অঞ্চলে ডাল ফসলের সমস্যা সমূহ সুনির্দিষ্ট করে চিহ্নিত করে করণীয় নিয়ে প্রস্তাবনা পেশ করা হয়। বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এর নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার প্রধান অতিথির বক্তব্যে বরিশাল এবং ফরিদপুর অঞ্চলে পতিত জমিতে ডাল ফসল চাষের মাধ্যমে উৎপাদন বাড়িয়ে আমদানি নির্ভরতা কমানোর উপর গুরুত্ব আরোপ করেন। এ ছাড়া ফলনের পার্থক্য (কৃষক ও গবেষণা মাঠ) কমানোর জন্যে কৃষক প্রশিক্ষণের গুরুত্ব প্রদান করেন। বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকার গবেষণার মাধ্যমে এই অঞ্চলের জন্য চাষযোগ্য বিশেষত লবনাক্ততা ও জলাবদ্ধতা সহনশীল ডাল জাতীয় ফসলের জাত উন্নয়নের মাধ্যমে উৎপাদন বাড়ানোর ওপর গুরুত্ব প্রদানের আহ্বান জানান।

দৈনিক
THE DAILY BANGLADESH KANTHA
মাটি ও মানুষের
# বাংলাদেশ কণ্ঠ
bangladeshkantha.com

| ঢাকা ॥ বৃহস্পতিবার ॥ ০৬ জানুয়ারি ২০২২ইং ॥ ২২ পৌষ ১৪২৮ বাংলা |

## বারি'তে ডাল জাতীয় ফসলের উপর বুদ্ধিমত্তা কৌশল বিষয়ক কর্মশালা




গাজীপুর প্রতিনিধি :
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে ডাল জাতীয় ফসলের গবেষণা, উন্নয়ন এবং সম্প্রসারণের লক্ষ্যে বুদ্ধিমত্তা কৌশল বিষয়ক কর্মশালা ইনস্টিটিউটের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়েছে। গত মঙ্গলবার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)-এর আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র মাদারীপুরের আয়োজনে গবেষণা উন্নয়ন উৎপাদন বৃদ্ধি শীর্ষক প্রকল্পের অর্থায়নে আয়োজিত কর্মশালায় বারি'র বিজ্ঞানী, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং বিএডিসি'র কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। বারি'র মহাপরিচালক ড. দেবাশীষ সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এর নির্বাহী চেয়ারম্যান ড. শেখ মোহাম্মদ বখতিয়ার। প্রধান অতিথির বক্তব্যে ড. শেখ মোহাম্মদ বখতিয়ার বরিশাল এবং ফরিদপুর অঞ্চলে পতিত জমিতে ডাল ফসল চাষের মাধ্যমে উৎপাদন বাড়িয়ে আমদানি নির্ভরতা কমানোর উপর গুরুত্ব আরোপ করেন। ফলনের পার্থক্য (কৃষক ও গবেষণা মাঠ) কমানোর জন্যে কৃষক প্রশিক্ষণের গুরুত্ব প্রদান করেন। সভাপতি'র বক্তব্যে ড. দেবাশীষ সরকার গবেষণার মাধ্যমে এ অঞ্চলের জন্য চাষযোগ্য বিশেষত লবণাক্ততা ও জলাবদ্ধতা সহনশীল ডালের জাত উন্নয়নে উৎপাদন বাড়ানোর উপর গুরুত্ব প্রদানে আহ্বান জানান।কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বারি'র পরিচালক (সেবা ও সরবরাহ) ড. মো. কামরুল হাসান, পরিচালক (পরিকল্পনা ও মূল্যায়ন) ড. রীনা রানী সাহা, পরিচালক (গবেষণা) ড. মো. তারিকুল ইসলাম, পরিচালক (ডাল গবেষণা কেন্দ্র) ড. মো. মহি উদ্দিন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বরিশাল অঞ্চলের অতিরিক্ত পরিচালক মো. তৌফিকুল ইসলাম। প্রকল্পের সার্বিক কার্যক্রম উপস্থাপনা করেন আঞ্চলিক ডাল গবেষণা কেন্দ্র, মাদারীপুরের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রকল্প পরিচালক ড. মো. ছালেহ উদ্দিন।